**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 24-12-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন প্রধানমন্ত্রীর দিক নির্দেশনায় উত্তর-পূর্বাঞ্চল ভারতের দ্রুততম বর্ধনশীল অঞ্চল হয়ে উঠেছে।**

**২) খাদ্য, জনসংভরণ ও ক্রেতা সুরক্ষা বিষয়ক দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন ছাত্র ও যুব সমাজ সহ সাধারণ মানুষকে ভোক্তা হিসেবে সচেতন হতে হবে।**

**৩) আগামীকাল বড়দিন । রাজ্যেও জনগণ উৎসবে মেতে উঠেছেন ।**

**৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ নতুনদিল্লিতে নীতি আয়োগে বিশিষ্ট অর্থনীতিবিদদের সঙ্গে প্রাক-বাজেট আলোচনায় অংশ নিয়েছেন ।**

*******************************************

**CM, Good Governance :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সবসময় বলে থাকেন উত্তর পূর্বাঞ্চলের অষ্টলক্ষীর উন্নয়ন ছাড়া ভারতবর্ষের উন্নয়ন সম্ভব নয়। আজ হরিয়ানার গুরুগ্রামের এসজিটি ইউনিভার্সিটিতে কার্যকরী বাস্তবায়নের মাধ্যমে সুশাসনের উপর একটি সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন প্রধানমন্ত্রীর এই বক্তব্য উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির কাছে অত্যন্ত গর্বের। তিনি বলেন প্রধানমন্ত্রীর দিক নির্দেশনায় পরিকাঠামো, সংযোগ এবং অর্থনৈতিক উন্নয়ন

যেভাবে ঘটেছে তাতে উত্তর-পূর্বাঞ্চল ভারতের দ্রুততম বর্ধনশীল অঞ্চল হয়ে উঠেছে। তিনি বলেন জাতীয় সড়ক থেকে শুরু করে বিমান পরিষেবা, রেল পরিষেবা প্রতিটি ক্ষেত্রেই ত্রিপুরা বিশ্বের মানচিত্রে উঠে এসেছে। তাছাড়া তিনি স্বাস্থ্য ক্ষেত্রে মেডিকেল কলেজ থেকে ডেন্টাল কলেজ নির্মাণ ইত্যাদি বিষয়গুলি তুলে ধরেন। তিনি বলেন ত্রিপুরায় এখন বিনিয়োগকারী থেকে শুরু করে অধিক সংখ্যায় পর্যটক আসেন। তাতে রাজ্যের অর্থনৈতিক উন্নয়ন ও হচ্ছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ছত্তিশগড়ের অর্থমন্ত্রী ওম প্রকাশ চৌধুরী সহ অন্যান্য বিশিষ্টজনেরা।

****************************

**Sushanta Chowdhury :**

খাদ্য, জনসংভরণ ও ক্রেতা সুরক্ষা বিষয়ক দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন ছাত্র ও যুব সমাজ সহ সাধারণ মানুষকে ভোক্তা হিসেবে সচেতন হতে হবে। তিনি বলেন, ভোক্তাদের স্বার্থ সুরক্ষার জন্য জনসচেতনতা বৃদ্ধি করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি জানান, পরিবহন, খাদ্য-জনসংভরণ ও ক্রেতা সুরক্ষা বিষয়ক দপ্তরের যৌথ উদ্যোগে রাজ্যের ২৫টি কলেজে খুব শীঘ্রই নেশার বিরুদ্ধে, এবং সড়ক দুর্ঘটনা ও ক্রেতা স্বার্থ বিষয়ের উপর সচেতনতা অভিযান শুরু করা হবে। এর মধ্যে 'জাগো গ্রাহক জাগো" প্রচার অভিযানও অন্তর্ভুক্ত থাকবে।

আজ আগরতলার প্রজ্ঞা ভবনে খাদ্য, জনসংভরণ ও ক্রেতা সুরক্ষা বিষয়ক দপ্তরের উদ্যোগে আয়োজিত জাতীয় ভোক্তা দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি বক্তব্য রাখছিলেন। মন্ত্রী বলেন ভোক্তাদের প্রতারিত হওয়ার হাত থেকে রক্ষা পেতে জনসচেতনতার প্রসার ঘটাতে হবে। তিনি বলেন দোকানে, বাজারে ভোক্তারা প্রতারিত হলে, তাঁদের জেলা, রাজ্য ও জাতীয় ভোক্তা, সুরক্ষা ফোরামে অভিযোগ দায়ের করতে হবে।

##########Byte########

অনুষ্ঠানে আইন সচিব সঞ্জয় ভট্টাচার্য বলেন এই দিনটি পালনের মূল উদ্দেশ্য হচ্ছে ক্রেতা সুরক্ষা রক্ষা। শ্রী ভট্টাচার্য বলেন বর্তমানে রাজ্য ভোক্তা ফোরামে কেবলমাত্র ৩৯টি মামলা বিচারাধীন রয়েছে, ৪টি জেলা ভোক্তা ফোরামে ২৮৫টি মামলা বিচারাধীন রয়েছে। তিনি মানুষকে নিজের অধিকারের বিষয়ে সচেতন হওয়ার আহ্বান জানান। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন অবসরপ্রাপ্ত জেলা ও দায়রা বিচারপতি রুহিদাস পাল, সদর মহকুমা শাসক মানিক লাল দাস, খাদ্য, জনসংভরণ ও ক্রেতা সুরক্ষা বিষয়ক দপ্তরের অতিরিক্ত সচিব অভিজিৎ বিশ্বাস করে প্রমুখ।

**************************

**X Mas :**

আগামীকাল বড়দিন। খ্রীষ্ট ধর্মের প্রবর্তক প্রভু যীশু খ্রীষ্টের আবির্ভাব দিবস। দেশের অন্যান্য প্রান্তের সঙ্গে রাজ্যেও জাতি-জনজাতি উভয় অংশের জনগণ বড়দিনের উৎসবে মেতে উঠেছেন। আজ মধ্য রাতে বিশেষ প্রার্থনা সভার মধ্যে দিয়ে শুরু হবে বড়দিন পালন। গির্জায় গির্জায় ক্যারল সঙ্গীতের আয়োজন করা হয়। বড়দিন উপলক্ষে, আগরতলার দুর্জয়নগরের ক্যাথলিক গীর্জাসহ রাজ্যের বিভিন্ন গীর্জাগুলি সাজিয়ে তোলা হয়েছে। তারার বাতি ও আলোকমালাতে সাজিয়ে তোলা হয়েছে গীর্জাগুলিকে। বড়দিন উপলক্ষে আগরতলা শহরতলীর মরিয়মনগর গির্জাও সাজিয়ে তোলা হয়েছে। এখানে আগামীকাল থেকে ২ দিন ব্যাপী মেলার আয়োজন করা হয়েছে। বিধায়ক রতন চক্রবর্তী আগামীকাল সকাল সাড়ে দশটায় এই গির্জায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন। আজ এই কথা জানিয়েছেন গির্জার দায়িত্ব প্রাপ্ত ফাদার লির্নাস।

বড়দিন উপলক্ষে আগরতলার বিভিন্ন কেক পেষ্ট্রির দোকান, এক্সমাস ট্রি, সান্তাক্লজ ও নানা উপহার সামগ্রীতে রঙ্গীন হয়ে উঠেছে। বড়দিনের ছুটির আমেজে রাজ্যে উৎসব মুখর পরিবেশ বিরাজ করছে। শুভেচ্ছা বিনিময়ও চলছে বড় দিন উপলক্ষে। রাজ্যের খ্রীস্ট ধর্মাবলম্বী অধ্যুষিত, জম্পুই, কাঞ্চনপুর, আমবাসা, বিশ্রামগঞ্জ, বেলবাড়ি প্রভৃতি এলাকাতেও উৎসবের আমেজ পরিলক্ষিত হচ্ছে।

******************************

**Neermahal :**

এদিকে, আজ থেকেই বড়দিন উদযাপনের ও ছুটির আনন্দের উদযাপন লক্ষ্য করা যাচ্ছে। বিশেষত রাজ্যের বিভিন্ন দর্শনীয় স্থানগুলোতে আজই ভ্রমণ পিপাসু লোকের ভিড় দেখা গেছে। আজ প্রচুর মানুষ ভিড় করেছেন রুদ্রসাগর-নীরমহলে। শীতের অতিথি পাখিরাও এসে গেছে রুদ্রসাগর ও তার চারপাশে। কয়েকদিন ধরে পর্যটকদের ব্যপক ভিড় বেড়েছে মেলাঘরের নীরমহলে। ভ্রমনের পাশাপাশি দূর দূরান্ত থেকে বহু মানুষ এসে প্রতিদিন পিকনিকের আনন্দ উপভোগ করছেন নীরমহল ও রাজঘাটে। রুদ্রসাগর উদ্বাস্তু সমবায় সমিতির সভাপতি পবিত্র কুমার দাস জানিয়েছেন, ভ্রমন ও পিকনিকের আনন্দ উপভোগ করতে নীরমহলে আসছেন পর্যটকরা।

#########Byte-Pabitra Kumar Das########

বছর শেষের এই সময়ে নীরমহলে এসে জনৈক পর্যটক আকাশবানীর সংবাদদাতাকে জানান, অত্যন্ত ভালোভাবে তারা উপভোগ করছেন।

#########Byte########

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**PM, Pre Budget :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ নতুনদিল্লিতে নীতি আয়োগে বিশিষ্ট অর্থনীতিবিদদের সঙ্গে প্রাক-বাজেট আলোচনায় অংশ নিয়েছেন। কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন, নীতি আয়োগের সিইও বিভিআর শুভ্রমণ্যম এবং অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তারা বৈঠকে অংশ নেন। কেন্দ্রীয় বাজেট ২০২৫-২৬এর প্রাক-বাজেট পরামর্শ এই মাসের ৭ তারিখে শুরু হয়েছিল। শ্রীমতি সীতারামণ, বিভিন্ন রাজ্যের অর্থমন্ত্রী, কৃষক সমিতি, অর্থনীতিবিদ এবং এমএসএমইগুলির সঙ্গে পরামর্শ করেছেন। কেন্দ্রীয় অর্থমন্ত্রী আগামী পয়লা ফেব্রুয়ারি লোকসভায় ২০২৫-২৬এর বাজেট পেশ করতে পারেন।

*******************************

**ONOE :**

ওয়ান নেশন ওয়ান ইলেকশন বা এক দেশ এক নির্বাচন সংক্রান্ত দুটি বিলের ওপর যৌথ সংসদীয় কমিটির প্রথম বৈঠক আগামী মাসের ৮ তারিখে অনুষ্ঠিত হবে। বিলগুলি হল, সংবিধান সংশোধনী ১২৯তম বিল, ২০২৪ এবং কেন্দ্রশাসিত অঞ্চল আইন

সংশোধনী বিল, ২০২৪। ৩৯ সদস্যের কমিটিতে লোকসভা থেকে ২৭ জন এবং রাজ্যসভা থেকে ১২ জন সদস্য রয়েছেন। কমিটি সংসদের পরবর্তী অধিবেশনের শেষ সপ্তাহের প্রথম দিনে সংসদে তাদের প্রতিবেদন জমা দেবে।

******************************

**Shyam Benegal :**

প্রবীণ চলচ্চিত্র নির্মাতা শ্যাম বেনেগালকে আজ বিকেলে দাদারের শিবাজি পার্ক শ্মশানে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় দাহ করা হয়েছে। ৯০ বছর বয়সী এই চলচ্চিত্র নির্মাতা গতকাল সন্ধ্যায় মুম্বাইয়ের একটি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তিনি একটি দীর্ঘদিন ধরে কিডনির রোগে ভুগছিলেন।

শ্যাম বেনেগালের স্ত্রী নীরা এবং কন্যা পিয়ার সঙ্গে তাঁকে শেষ শ্রদ্ধা জানাতে বিশিষ্টদের মধ্যে নাসিরুদ্দিন শাহ, গুলজার, জাভেদ আখতার, ইলা অরুণ, শিবেন্দ্র সিং দুঙ্গারপুর, দিব্যা দত্ত, শ্রেয়াস তালপাড়ে, বোমান ইরানি, কুনাল কাপুর এবং অনঙ্গ দেশাই প্রমুখ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, শ্যাম বেনেগাল "অঙ্কুর," "মান্ডি", "নিশান্ত" এবং "জুনুন" এর মতো কালজয়ী ক্লাসিকের জন্য পরিচিত ছিলেন। জাতীয় ও আন্তর্জাতিক মঞ্চে তার কাজের জন্য তিনি অসংখ্য পুরস্কার ও স্বীকৃতি পেয়েছেন। তিনি ১৯৭৬ সালে পদ্মশ্রী এবং ১৯৯১ সালে পদ্মভূষণেও ভূষিত হন। তাঁকে ২০০৫সালে চলচ্চিত্রের ক্ষেত্রে ভারতের সর্বোচ্চ পুরস্কার দাদাসাহেব ফালকে পুরস্কারে সম্মানিত করা হয়েছিল।

উপরাষ্ট্রপতি জগদীপ ধনখর শ্যাম বেনেগালের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি বলেন যে মিঃ বেনেগালের চলচ্চিত্রগুলি অতুলনীয় গভীরতা এবং সংবেদনশীলতার সঙ্গে সামাজিক বাস্তবতাকে তুলে ধরেছে এবং তাঁর অবদান সর্বদা গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হবে।

অমিতাভ বচ্চন, নাফিসা আলি, কারিশমা কাপুর এবং অজয় দেবগন ভারতীয় চলচ্চিত্রে তাঁর অবদানের জন্য শ্যাম বেনেগালকে শ্রদ্ধা জানিয়েছেন।

****************************

**PM, MP :**

প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর ১০০তম জন্মবার্ষিকীতে আগামীকাল মধ্যপ্রদেশে বেশকিছু গুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রী এই উপলক্ষে একটি স্মারক ডাকটিকিট এবং মুদ্রাও প্রকাশ করবেন। তিনি এক হাজার ১৫৩টি অটল গ্রাম সুশাসন ভবনের ভিত্তিপ্রস্তরও স্থাপন করবেন।

*****************************

**Atal Sahitya Utsav :**

রাজ্যভিত্তিক দুদিন ব্যাপী অটল কবিতা ও সাহিত্য উৎসব আগামীকাল থেকে কৈলাশহরে শুরু হচ্ছে। এই উপলক্ষ্যে আজ কৈলাশহরে এক শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। ঊনকোটি কলাক্ষেত্র প্রাঙ্গণ থেকে ট্যাবলু সহ শোভাযাত্রা কৈলাশহর শহর পরিক্রমা করে। এতে অংশ নেন, যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায়, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, রাজ্য সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস-চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী প্রমুখ।

****************************

**Bicycle Distribution :**

কৈলাশহরের মনুভ্যালি চা-বাগান হাইস্কুলে আজ নবম শ্রেণীর ছাত্রীদের মধ্যে বাই-সাইকেল বিতরণ করা হয়। এই কর্মসূচিতে প্রধান অতিথির ভাষণে সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় বলেন, শিক্ষার অগ্রগতিতে ও মেয়েদের শিক্ষার প্রয়োজনে

বাই-সাইকেল প্রদানের গুরুত্ব রয়েছে। বক্তব্য রাখেন, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদারও।

**************************

**Sadar 13 Cricket :**

টিসিএ পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতার আজ চারটি খেলা হয়। এতে নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে শতদল সংঘ কোচিং সেন্টার ৩০৮ রানে দশমীঘাট কোচিং সেন্টারকে, নেপকো মাঠে প্রগতি প্লে সেন্টার ১৮১ রানে বাধারঘাট কোচিং সেন্টারকে, বি কে এন ভি মাঠে জিবি কোচিং সেন্টার ৬০ রানে ক্রিকেট অনুরাগী কোচিং সেন্টারকে এবং আম্বেদকর স্কুল মাঠে এডি নগর কোচিং সেন্টার ১২ রানে জুয়েলস কোচিং সেন্টারকে পরাজিত করে।

*************************

**Weather :**

আগামীকাল আকাশ পরিস্কার থাকবে। সকালে হালকা থেকে মাঝারি পর্যায় কুয়াশা পড়বে। আগামীকাল সর্বোচ্চ ২৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনে সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১০.৬ ডিগ্রী সেলসিয়াস।

**************************